# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৩১৯

১১. কিতাবুয যাকাত (كتاب الزكاة)

পরিচ্ছেদঃ যে ব্যক্তি নিজের জন্য আগে যা পাঠিয়েছে এবং যা প্রদান করা থেকে বিরত থেকেছে, উভয় ক্ষেত্রে তার বিপরীত হওয়ার আশংকা করা

ذِكْرُ الْإِخْبَارِ عَمَّا يَجِبُ عَلَى الْمَرْءِ مِنَ توقَّع الْخِلَافِ فِيمَا قدَّم لِنَفْسِهِ وتوقُّع ضِدِّه إذا أمسك

---

আরবী

3319 ـ أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ عَلِيِّ بْنِ الْمُثَنَّى قَالَ: حَدَّثَنَا شَيْبَانُ بْنُ أَبِي شَيْبَةَ قَالَ: حَدَّثَنَا سَلَّامُ بْنُ مِسْكِينٍ قَالَ: حَدَّثَنَا قَتَادَةُ عَنْ خُلَيْدِ بْنِ عَبْدِ اللَّهِ الْعَصَرِيِّ: عَنْ أَبِي الدَّرْدَاءِ عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: (ماطلعت شَمْسٌ قَطُّ إِلَّا بِجَنْبَتَيْهَا مَلَكَانِ يُناديان يُسمعان مَنْ عَلَى الْأَرْضِ غَيرَ الثَّقَلَيْنِ: أَيُّهَا النَّاسُ هَلُمُّوا إِلَى رَبِّكُمْ مَا قلَّ وَكَفَى خيرٌ مما كَثُرَ وألهى ولا غَرَبَتْ إِلَّا بجنبتَيها مَلَكَانِ يُناديان: اللَّهُمَّ أَعْطِ منفقاً خلفاً وأعطِ مُمْسِكاً تلفاً)

الراوي : أَبُو الدَّرْدَاءِ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3319 | خلاصة حكم المحدث: صحيح ـ ((الصحيحة)) (920) , ((تخريج فقه السيرة)) (446) , وقد مضى طرف منه برقم (685).

বাংলা

৩৩১৯. আবুদ দারদা রাদ্বিয়াল্লাহু তা‘আলা আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, “যখনই সূর্য উদিত হয়, তখন তার দুই পার্শ্বে দুইজন ফেরেস্তা অবস্থান নিয়ে জিন ও মানুষ ছাড়া পৃথিবীর সমস্ত মাখলূকাতকে শুনিয়ে আহবান করেন, “হে লোকসকল, তোমরা তোমাদের প্রভুর দিকে আসো। যা অল্প হয় কিন্তু জীবন-যাপনের জন্য যথেষ্ট হয়, সেটা উত্তম সেই জীবনোপকরণ অপেক্ষা যা বেশি হয় এবং ভুলিয়ে দেয়।

অনুরুপভাবে যখনই সূর্য অস্ত যায়, তখন তার দুই পার্শ্বে দুইজন ফেরেস্তা ডেকে বলেন, “হে আল্লাহ, আপনি খরচকারীকে বিনিময় দান করুন এবং সম্পদ (খরচ না করে) ধারণকারীকে ধ্বংস করে দিন।”[1]

## ফুটনোট

[1] আত তায়ালিসী: ৯৭৯; মুসনাদ আহমাদ: ৫/১৯৭; হাকিম: ২/৪৪৫; বাগাবী: ৪০৪৫; হাইসামী, মাজমাউয যাওয়াইদ: ৩/১২২।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহাহ: ৯২০)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবুদ দারদা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=92650

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন